

AME(1CT RTHD)

27/01/2019

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ডিটিসিএ শাখা
www.rthd.gov.bd

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থাসমূহ হতে প্রাপ্ত সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২১ জানুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ
সময় : বিকাল ৩.০০ টাটকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় জানান যে, নির্বাচনী ইশতেহার ২০১৮ এর বিষয়ে গত ০১-০১-২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সভার ধারাবাহিকতায় গত ০২/০১/২০১৯ তারিখে এ বিভাগের সংশ্লিষ্ট সকল সংস্থা প্রধানদের সমন্বয়ে সভা করা হয়। নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা এ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়। সে প্রেক্ষিতে প্রাপ্ত প্রতিবেদনের উপর এ সভা আয়োজন করা হয়েছে। প্রাপ্ত প্রতিবেদন ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)-কে অনুরোধ করেন।

০২। অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) জনাব চন্দন কুমার দে সভাকে জানান যে, অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা ভিন্ন ভিন্ন ফরমেটে তাদের প্রতিবেদন প্রেরণ করেছে। কোন কোন ক্ষেত্রে প্রাপ্ত প্রতিবেদনের বিষয় সুনির্দিষ্ট ও সময়াবদ্ধ নয়। একই ধরনের ফরমেটে তথ্য পাওয়া গেলে তা পর্যালোচনায় সুবিধা হবে। তিনি বলেন যে, নির্বাচনী ইশতেহার ২০১৮-এ বর্ণিত সাফল্য ও অর্জন সংক্রান্ত চলমান প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন এবং লক্ষ্য ও পরিকল্পনায় সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন প্রয়োজন হবে।

তিনি সভাকে জানান যে, আগামী ২৪/০১/২০১৯ তারিখ বৃহস্পতিবার বিপিএটিসিতে বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ এর উপর সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের উপযুক্ত প্রতিনিধি সমন্বয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় এ বিভাগের নির্বাচনী ইশতেহার-২০১৮ বাস্তবায়ন এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)-কে মনোনয়ন দেয়া হয়েছে। সভাপতি এ প্রস্তাবে বলেন যে, উক্ত কর্মশালা থেকে সুনির্দিষ্ট ফরমেট পাওয়া গেলে পরবর্তীতে অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা হতে সেভাবে তথ্য সংগ্রহ করা যেতে পারে এবং তা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। এ পর্যায়ে সভাপতি প্রতিবেদনের বিষয়ে বক্তব্য আহ্বান করেন।

০৩। সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের জনবলকে পেশাদারিত্বের আওতায় আনয়নের জন্য তাদেরকে প্রশিক্ষণের সুযোগ প্রদানের নিমিত্ত সওজ-এর প্রশিক্ষণ একাডেমিকে আরো যুগোপযোগী ও আধুনিক করা প্রয়োজন। স্টেকহোল্ডারদের সাথে আলাপ করে প্রশিক্ষণ মডিউল আপডেট করা আবশ্যিক হবে।

মহাসড়কগুলো নিয়মিত রক্ষণাবেক্ষণ করার নিমিত্ত সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড আইন-২০১৩ বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। সড়ক রক্ষণাবেক্ষণ তহবিলের রাজস্ব কিভাবে বৃদ্ধি করা যায় তা পর্যালোচনা করা প্রয়োজন। সভাপতি সুনির্দিষ্ট সময়ের মধ্যে আইন/বিধি প্রণয়ন, ট্রেনিং সেন্টার এর সুবিধা সম্প্রসারণ ও মডিউল উন্নয়ন, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল কার্যকর করা ও বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।

০৪। কোম্পানী সচিব, ডিএমটিসিএল জনাব মোঃ হারুন আর রশিদ বলেন, ঢাকা মহানগরীর যানজট সমস্যা নিরসনে উত্তরা ওয় পর্ব হতে বাংলাদেশ ব্যাংক পর্যন্ত এমআরটি লাইন-৬ এর কাজ চলমান রয়েছে। উত্তরা হতে আগারগাঁও পর্যন্ত হালনাগাদ অগ্রগতি ৩৩%। ১.৫ কি.মি. ভায়াডাক্ট ইন্ডাস্ট্রিয়ার মধ্যে দৃশ্যমান হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। এমআরটি লাইন ১,২,৪,৫-এর কাজ বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে বলে তিনি সভাকে জানান।

০৫। চেয়ারম্যান, বিআরটিএ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে বর্ণিত বিভিন্ন কার্যক্রম যেমন: লাইসেন্স বিহীন চালকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা, ফিটনেসবিহীন গাড়ীর রুট পরমিট না দেয়া, চালকের লাইসেন্স প্রদানে যথাযথ নিয়ম অনুসরণ করা ইত্যাদি সম্পর্কে লক্ষ্য নির্ধারণ ও সময়াবদ্ধ পরিকল্পনা সুনির্দিষ্ট করার বিষয়ে আলোচনা হয়। সভাপতি মহোদয় জানান যে, বিআরটিএ কর্তৃক ডাইভিং প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সংখ্যা আরো বৃদ্ধি প্রয়োজন। এক্ষেত্রে ভোকেশনাল ইনস্টিটিউট, বিআরটিসি, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় ইত্যাদি বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সহযোগিতা নেয়া যায়। গাড়ী চালক সৃষ্টি, ডাইভিং লাইসেন্স পদ্ধতি আধুনিকায়ন নতুন VIC স্থাপন-এর উপর গুরুত্ব আরোপ করা যেতে পারে।

০৬। চেয়ারম্যান, বিআরটিসি বলেন, উত্তরা থেকে গুলিস্তান পর্যন্ত রুটে বিআরটিসি বাসের ভাড়ার চেয়ে প্রাইভেট বাস বেশি ভাড়া দেওয়া হয়। তিনি আরো বলেন, বিআরটিসিতে কর্মরত ডাইভারের চেয়ে গাড়ী অনেক বেশি থাকায় নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হলেও পাঠ্য ভাড়া লাইসেন্সধারী ডাইভার পাওয়া যায়নি। ৬০০টি নতুন বাস এবং ৫০০টি নতুন গ্লাব আগামী ৬ মাসের মধ্যে বিআরটিসি'র বহরে যুক্ত হবে। সভাপতি বলেন, বিআরটিসি'র বাসের জন্য হালকা গাড়ীর ডাইভার নিয়োগ করে ট্রেনিং ইন্সটিটিউট-এর মাধ্যমে প্রশিক্ষণ দিয়ে ভারী লাইসেন্স প্রাপ্তির শর্ত শিথিলের প্রস্তাব করা যেতে পারে।

০৭. সভায় অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) জনাব চন্দন কুমার দে জানান যে, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা হতে দায়িত্বশীল ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন দেয়া প্রয়োজন। সভাপতি মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা প্রধান কর্তৃক সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম প্রস্তাব করা হয়।

সিদ্ধান্ত :

- ১। আগামী ২৪/০১/২০১৯ তারিখ বিগিএটিসি-তে দিনব্যাপী অনুষ্ঠিতব্য নির্বাচনী ইশতেহার-২০১৮ সংক্রান্ত কর্মশালার সিদ্ধান্ত মোতাবেক পরবর্তীতে এ বিভাগের কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হবে।
- ২। এ বিভাগের অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানী'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্বপালন করবেন :
 ১. জনাব মোহাম্মদ হারুন-অর-রশিদ, অতিরিক্ত সচিব ও কোম্পানী সচিব, ডিএমটিসিএল
 ২. জনাব সম্ভোষ কুমার রায়, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওজ), এইচডিএম সার্কেল, সড়ক ভবন, ঢাকা
 ৩. জনাব জ্বাকির হোসেন মজুমদার, অতিরিক্ত নির্বাহী পরিচালক, ডিটিসিএ
 ৪. জনাব আব্দুল হামিদ, পরিচালক (প্রশাসন), বিআরটিসি
 ৫. জনাব শেখ মোহাম্মদ মাহবুব-ই-রব্বানী, পরিচালক (রোড সেফটি), বিআরটিএ
- ৩। সভার আলোচনা অনুযায়ী অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানী তাদের কর্ম-পরিকল্পনা হালনাগাদ করবে।

০৮। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৪/১/১৯

(মোঃ নজরুল ইসলাম)

সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪১.৯৯.০০১.১৯-১৪

তারিখ : ১১ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা
- ০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
- ০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
- ০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
- ০৬। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৭। অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৮। উপসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৯। উপসচিব/উপপ্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তালিকা (সদয় সমার্থার্থে/কার্যার্থে):

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি/মাস্টার কপি।

মোঃ মোস্তফা কামিল

উপসচিব

ফোনঃ ৯৫৬১. ৫

E-mail dsdtdcadmtc@dd.gov.bd